রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, এপ্রিল ২০, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৪ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/১৭ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও নম্বর ১০৮-আইন/২০২৫।**—সরকার, Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 9 এর sub–section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে নির্দেশ প্রদান করিল যে, চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাধীন পাঁচলাইশ থানার মামলা নং-২৩(২)৯৫ হইতে উদ্ভূত ঢাকার দায়রা জজ আদালতের সেশন মামলা নং-২৫৬/১৯৯৫ (রাষ্ট্র বনাম সাবেক রাষ্ট্রপতি অবসরপ্রাপ্ত লেঃ জেনারেল হুসেইন মহাম্মদ এরশাদ ও অপর ৪ জন), দণ্ডবিধির ধারা ৩০২/১০৯/২০১/৩৪-এর বিচারকার্য ঢাকার বেগম বাজার ও নাজিম উদ্দিন রোডের মাঝখানে অবস্থিত সাবেক কারারক্ষী ব্যারাক (হোল্ডিং নং-৩/১৩, গণপূর্ত দালান নং-১০/১৪১)-এর পরিবর্তে ঢাকার দায়রা জজ আদালতে অনুষ্ঠিত হইবে।

০২। এই বিভাগের ২৮ আগষ্ট, ১৯৯৫ তারিখের এস,আর,ও নং-১৫২-আইন/৯৫ মূলে জারীকৃত প্রজ্ঞাপন এতদ্দ্বারা বাতিল করা হইল।

০৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ আবু তাহের**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০